



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

## পানছড়িতে বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের প্রতিবাদে ইউপিডিএফের বিক্ষোভ বাজার বয়কট ও সড়ক অবরোধ কর্মসূচি সফল করার আহ্বান

ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে বিচার বহির্ভূতভাবে হত্যার প্রতিবাদে পানছড়িতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১১ জানুয়ারি ২০২০) বিকাল ৩টায় ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর পানছড়ি ইউনিটের উদ্যোগে উপজেলার পুজগাঙ ও সদর ইউপি'র তালতলা এলাকায় এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিল পরবর্তী পুজগাঙ এলাকায় অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা সাধারণ সম্পাদক এস মঙ্গল চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক প্রহর চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা সভাপতি কৃপায়ন চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদ পানছড়ি থানা শাখার সদস্য সচিব সুনীল ময় চাকমা এবং তালতলা এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন নীতিদত্ত চাকমা ও পলেভয় চাকমা।

বক্তারা পরেশ ত্রিপুরাকে হত্যার নিন্দা জানিয়ে বলেন, গতকাল শুক্রবার রাত সোয়া আটটার দিকে সিভিল পোশাক পরিহিত নিরাপত্তা বাহিনীর সদস্যরা মহেন্দ্র-যোগে ও তাদের মদদপুষ্ট সন্ত্রাসীরা মোটর সাইকেল যোগে মরাটিলা এলাকায় গিয়ে ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে বিচার বহির্ভূতভাবে ঠাণ্ডামাথায় গুলি করে নির্মমভাবে হত্যা করেছে।


তারা অভিযোগ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের আন্দোলন দমনের লক্ষ্যে সরকার নিরাপত্তা বাহিনীর কয়েমী স্বার্থবাদী অংশকে ব্যবহার করে কথিত 'গোলাগুলির' নাটক সাজিয়ে একের পর এক ইউপিডিএফের নিরস্ত্র নেতা-কর্মীদের হত্যা করছে, অপরদিকে সশস্ত্র সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় ও মদদ দিয়ে খুন, গুম, অপহরণ, চাঁদাবাজিসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ড সংঘটিত করে ত্রাসের রাজত্ব কায়ম করেছে।

বক্তারা দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, যতই খুন-খারাবি ও দমনপীড়ন চালানো হোক না কেন ইউপিডিএফ তার মূল লক্ষ্য পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার অঙ্গীকার থেকে একচুলও সরে দাঁড়াবে না। সকল বাধা-বিপত্তি মোকাবেলা করে পার্বত্য চট্টগ্রামের নিপীড়িত জনগণের প্রকৃত মুক্তির জন্য লড়াই চালিয়ে নিতে ইউপিডিএফ বদ্ধ পরিকর।

বক্তারা অবিলম্বে পরেশ ত্রিপুরা হত্যাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, বিচার বহির্ভূত হত্যা ও অন্যায় দমন-পীড়ন বন্ধের জোর দাবি জানান।

সমাবেশ থেকে বক্তারা পরেশ ত্রিপুরা হত্যার প্রতিবাদে ঘোষিত আগামীকাল ১২ জানুয়ারি রবিবার পানছড়ি বাজার বয়কট ও ১৩ জানুয়ারি সোমবার উপজেলায় অর্ধদিবস (সকাল ৬টা থেকে দুপুর ১২টা) সড়ক অবরোধ কর্মসূচি সফল করার জন্য উপজেলাবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।